# রোকেয়া পদক পেলেন ফুটবলার ঋতুপর্ণা চাকমা




সংগৃহীত ছবি

জাতীয় নারী ফুটবল দলের তারকা ঋতুপর্ণা চাকমা এ বছর বেগম রোকেয়া পদকে সম্মানিত হয়েছেন। সাফ জয় ও এএফসি নারী এশিয়ান কাপের যোগ্যতা অর্জনে তার ভূমিকার স্বীকৃতিস্বরূপ সরকার তাকে 'নারী জাগরণ (ক্রীড়া)' বিভাগে পুরস্কৃত করেছে।

বাংলাদেশের নারী ফুটবলে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য রোকেয়া পদক পেয়েছেন জাতীয় দলের প্রতিভাবান ফুটবলার ঋতুপর্ণা চাকমা। বেগম রোকেয়ার জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে মঙ্গলবার (৮ ডিসেম্বর) ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তার হাতে পদক তুলে দেন।

২০২৪ সালে সাফ চ্যাম্পিয়নশিপ জয়ে এবং প্রথমবারের মতো এএফসি নারী এশিয়ান কাপে জায়গা করে নিতে বড় ভূমিকা রাখেন ঋতুপর্ণা। রাঙামাটির পাহাড়ি অঞ্চল থেকে উঠে এসে নানা ব্যক্তিগত চ্যালেঞ্জ মোকাবিলা করেও তিনি জাতীয় দলে নিজের জায়গা সুদৃঢ় করেছেন। 'নারী জাগরণ (ক্রীড়া)' বিভাগে তার এই স্বীকৃতি দেশের নারী অগ্রযাত্রায় একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

এ ছাড়া সমাজের বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি ও অনুপ্রেরণামূলক অবদান রাখা আরও কয়েকজন নারীকে এদিন রোকেয়া পদক প্রদান করা হয়।

LENS ASIA